



পূর্ণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়  
বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসকের কার্যালয়  
৪, নিউ ইন্সটান রোড, ঢাকা-১০০০  
Website: [www.waqf.gov.bd](http://www.waqf.gov.bd)



স্মারক নম্বর- ১৬.০২.০০০০.০০১.১৮.০২১.২২(৮ম খন্ড)/৩০৬

তারিখ: ১৪ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ  
৩০ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ

**নিয়োগ বিজ্ঞপ্তি**

বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসনের আওতাধীন নিম্নবর্ণিত শূন্য পদগুলো সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণ করার নিমিত্ত নিম্নলিখিত শর্তসাপেক্ষে প্রত্যেকটি পদের বিপরীতে বর্ণিত যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের স্থায়ী নাগরিকগণের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :-

ক্রমিক নং	পদের নাম, গ্রেড ও বেতন স্কেল	পদসংখ্যা	বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে সকল বিভাগ/জেলার প্রার্থী আবেদন করতে পারবেন
১	২	৩	৪	৫	৬
১.	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক গ্রেড-১৬ বেতন স্কেল: ৯,৩০০-২২,৪৯০/-	০১ (এক) টি	অনুর্ধ্ব ৩০ (ত্রিশ) বৎসর তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ (চল্লিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।	ক) কোন স্বীকৃত বোর্ড হতে অনুন্ন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; গ) কম্পিউটার মুদ্রাক্ষরিকে প্রতি মিনিটে সর্বনিম্ন মুদ্রাক্ষর গতি ইংরেজি ২০ শব্দ এবং বাংলা ২০ শব্দ;	ঢাকা বিভাগের নরসিংদী ও কিশোরগঞ্জ জেলা ব্যতীত সকল জেলা, চট্টগ্রাম বিভাগের কুমিল্লা জেলা ব্যতীত সকল জেলা এবং রাজশাহী ও খুলনা বিভাগের সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। তবে এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।
২.	হিসাব নিরীক্ষক (অডিটর) গ্রেড-১৬ বেতন স্কেল: ৯,৩০০-২২,৪৯০/-	০২ (দুই) টি	১৮-৩০ বছর	বাণিজ্য বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় পাশ।	ঢাকা বিভাগের ফরিদপুর জেলা ব্যতীত সকল জেলা, ময়মনসিংহ বিভাগের ময়মনসিংহ জেলা ব্যতীত সকল জেলা এবং সিলেট বিভাগের সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। তবে এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।
৩.	অফিস সহায়ক গ্রেড-২০ বেতন স্কেল: ৮,২৫০-২০,০১০/-	০৬ (ছয়) টি	অনুর্ধ্ব ৩০ (ত্রিশ) বৎসর	কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস এস সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	ময়মনসিংহ বিভাগের জামালপুর ও নেত্রকোণা জেলা ব্যতীত সকল জেলা, চট্টগ্রাম বিভাগের ব্রাহ্মণবাড়িয়া, কুমিল্লা ও নোয়াখালী জেলা ব্যতীত সকল জেলা, রংপুর বিভাগের কুড়িগ্রাম ও ঠাকুরগাঁও জেলা ব্যতীত সকল জেলা, খুলনা বিভাগের নড়াইল ও বাগেরহাট জেলা ব্যতীত সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। তবে এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।

- সর্বশেষ জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্ধারিত চাকরির আবেদন ফরমে আবেদন করতে হবে। ফরমটি বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসনের website : [www.waqf.gov.bd](http://www.waqf.gov.bd) হতে ডাউনলোড করা যাবে।
- আবেদনপত্রের সাথে সদ্য তোলা ৫x৫ সে.মি. সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি দাখিল করতে হবে।

*(স্বাক্ষর)*

৩. আবেদনপত্রের সাথে ওয়াক্ফ প্রশাসক, বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসকের কার্যালয়-এর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হতে ১-২নং ক্রমিকের জন্য ২০০/- টাকা এবং ৩নং ক্রমিকের জন্য ১০০/- টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবে।
৪. বয়সসীমা: ৩০.১১.২০২২ খ্রি. তারিখে আবেদনকারীর ন্যূনতম ও সর্বোচ্চ বয়স হবে ১৮ হতে ৩০ বছর। তবে জনপ্রশাসন মন্ত্রণালয়ের গত ২২ সেপ্টেম্বর ২০২২ খ্রি. তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯ স্মারকের প্রেক্ষিতে আবেদনকারীর বয়স ২৫.০৩.২০২০ খ্রি. তারিখে সর্বোচ্চ ৩০ বৎসর থাকলে উক্ত প্রার্থী আবেদন করার যোগ্য হবেন। মুক্তিযোদ্ধা কোটা এবং প্রতিবন্ধী কোটায় জন্য সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর। বয়সের ক্ষেত্রে এফিডেভিট প্রহণযোগ্য নয়।
৫. একজন প্রার্থী কেবল একটি পদের জন্য আবেদন করতে পারবেন।
৬. চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
৭. প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক কোটা এবং নিয়োগ সংক্রান্ত নীতিমালা অনুসরণ করা হবে।
৮. আবেদনপত্রের সাথে প্রার্থীর বর্তমান ডাক যোগাযোগের ঠিকানা সম্বলিত ৮"×৪" সাইজের ডাকটিকেটযুক্ত ফেরত খাম সংযুক্ত করে দিতে হবে। আবেদনপত্রে খামের উপরে পদের নাম ও নিজ জেলা উল্লেখ করতে হবে।
৯. যে কোনো ধরনের তদবির অথবা সুপারিশ চাকরি প্রার্থীর জন্য অযোগ্যতা বলে বিবেচিত হবে।
১০. আবেদনপত্র ওয়াক্ফ প্রশাসক, বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসকের কার্যালয়, ৪ নিউ ইন্সটান রোড, ঢাকা-১০০০ এই ঠিকানায় আগামী ৩০.১১.২০২২ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন ডাকযোগে/সরাসরি জমা দিতে হবে। নির্ধারিত সময় ও তারিখের পরে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
১১. অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
১২. লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবেনা।
১৩. কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।
১৪. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

  
 ওয়াক্ফ প্রশাসক, বাংলাদেশ